



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর, চট্টগ্রাম-৪১০০।
www.bdpost.gov.bd



নথি নং :- কর্ম-১৩/ছাড়পত্র/সরাসরি কোটা/২০১৯

তারিখ : ২৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ১৪.০০.০০০০.০০৬.১১.০৩০.১৮.১৬৬ তারিখ : ০৯/০৯/২০১৮ খ্রি. মূলে প্রাপ্ত ও ডাক অধিদপ্তর ঢাকা এর নথি নম্বর ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.১৯.২২১ তারিখ :- ২৫/০৬/২০২০খ্রি. এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিম্নলিখিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (<http://pmgce.teletalk.com.bd>) এই ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল/ গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১.	পোস্টম্যান গ্রেড-১৭ (৯০০০-২১,৮০০)	১৬ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ।	
০২.	ফটোকপি অপারেটর (ব্লুপ্রিন্টার) গ্রেড-১৯ (৮৫০০-২০,৫৭০)	০১ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে।	চট্টগ্রাম ও সিলেট প্রশাসনিক বিভাগের অর্ন্তগত চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা
০৩.	প্যাকার কাম মেইল ক্যারিয়ার গ্রেড-১৯ (৮৫০০-২০,৫৭০)	২৯ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	
০৪.	অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০,০১০)	১১ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
০৫.	বার্তা বাহক গ্রেড-২০ (৮২৫০-২০,০১০)	০১ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
০৬.	রানার গ্রেড-২০ (৮২৫০-২০,০১০)	২৩ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	
০৭.	পরিছন্নতা কর্মী (সুইপার) গ্রেড-২০ (৮২৫০-২০,০১০)	০৫ টি	(ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের উত্তীর্ণ। (খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে।	
০৮.	গার্ডেনার (মালী) গ্রেড-২০ (৮২৫০-২০,০১০)	০১ টি	(ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের উত্তীর্ণ। (খ) বাগান পরিচর্যায় অভিজ্ঞতা থাকতে হবে।	
	মোট=	৮৭ টি		

১. বিশেষ নির্দেশনা :-

- ১.১ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।
- ১.২ যেকোন কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১.৩ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষায় কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১.৪ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।
- ১.৫ i) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- ii) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন অথবা চাকুরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে।
- iii) প্রার্থী কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদন করার অযোগ্য হবেন।
- ১.৬ i) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র কন্যাদের পুত্র কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ খ্রি. তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্র
অথবা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১/০২/২০০৯ খ্রিঃ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদ দাখিল করতে হবে।
- ii) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর / পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ১.৭ প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/ সমপদ মর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।
- ১.৮ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/ জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।
- ১.৯ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।
- ১.১০ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সমূহের মূলকপি (যেমন:-শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ) প্রদর্শন করতে হবে এবং সনদপত্র সমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১.১১ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১.১২ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

- ১.১৩ উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।
- ১.১৪ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে স্বহস্তে লিখিত একখানা আবেদনপত্র, **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জিন ছবি দাখিল করতে হবে।

২. বয়সসীমা : ২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে বয়স :

- ২.১ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।
- ২.২ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ বছর ৩২ বছর।
- ২.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/ সমমানের পরীক্ষার মূল/ সাময়িক সনদ/ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদের জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩. নাগরিকত্ব:

- ৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞাপিতে উল্লেখকৃত জেলাসমূহের মধ্যে যেকোন জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
- ৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদ দাখিল করতে হবে।

৪. সংরক্ষণ :

- ৪.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৪.২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৫. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী ও পরীক্ষার ফি জমাদানের সময়

- ৫.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://pmgec.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময় নিম্নরূপ:
- (i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/১১/২০২১ খ্রি: , সকাল- ১০:০০ টা ।
- (ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/১২/২০২১ খ্রি: , বিকাল- ০৫:০০ টা ।
- (iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- ৫.২ Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ- 60 KB হতে হবে।
- ৫.৩ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজেই শতভাগ নিশ্চিত হবেন।
- ৫.৪ প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঞ্জিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৫.৫ **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রজিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা (সকল পদের জন্য) সহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

৫.৬ **ফি জমা দেয়ার পদ্ধতি:-**

(i) **প্রথম SMS:** PMGEC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGEC ABCDEF

Reply: Applicant's Name, Tk- 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGEC <Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) **দ্বিতীয় SMS:** PMGEC<space>Yes<space>PIN পিন লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGEC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PMGEC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

৫.৭ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://pmgec.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা ডাক অধিদপ্তরের ওয়েবসাইট www.bdpost.gov.bd এবং পূর্বাঞ্চল, চট্টগ্রাম এর ওয়েবসাইট www.post.chittagongdiv.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্রযোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৫.৮ SMS-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রজিন **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন ;

৫.৯ শুধুমাত্র টেলিটক প্রি- পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে PMGEC<space>Help<space>User<space>User ID, Send to 16222.

Example: PMGEC Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: PMGEC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: PMGEC Help PIN 12345678 & send to 16222.

৫.১০ Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd অথবা pmgctg4100@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৬. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি ডাক অধিদপ্তরের www.bdpost.gov.bd / www.post.chittagongdiv.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে; অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখকৃত ওয়েবসাইটে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৭. প্রার্থীরা শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতকর্তার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদন পূরণ এবং নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদান সহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



৩০/১১/২২

(মোহাম্মদ তৈয়ব আলী)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (তদন্ত)
পূর্বাঞ্চল, চট্টগ্রাম
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।